

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ
পুনঃ ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬-এ ২০২৪-২৫ শিক্ষাবর্ষে **Master of Applied Criminology and Police Management (MACPM)** একটি প্রফেশনাল মাস্টার্স প্রোগ্রাম। কোর্সটি সাপ্তাহিক ছুটির দিনে (শুক্র ও শনিবার) পরিচালিত হয়। শিক্ষার্থী ভর্তি সংক্রান্তে তথ্যাবলী নিম্নে প্রদত্ত হলো:-

১। ভর্তির যোগ্যতা:

- পুলিশ কর্মকর্তা, নন-পুলিশ কর্মকর্তা (ক্যাডার/নন-ক্যাডার সিজিল কর্মকর্তা, সামরিক কর্মকর্তা এবং পেশাজীবী) যাদের নিম্নবর্ণিত যোগ্যতা রয়েছে:
- (ক) পুলিশ কর্মকর্তাদের জন্য: পুলিশ পরিদর্শক এবং তদুর্ধ্ব পুলিশ কর্মকর্তা যাদের ২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা রয়েছে।
- (খ) নন-পুলিশ কর্মকর্তা যাদের ৩ (তিন) বছরের চাকরির অভিজ্ঞতা রয়েছে এবং মাস্টার্স ডিগ্রী অথবা ৪ (চার) বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী সম্পন্ন করেছে।
- (গ) শিক্ষা জীবনের যে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী ভর্তির অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

২। আবেদনের নিয়ম:

পুলিশ স্টাফ কলেজের নির্ধারিত ফরমের মাধ্যমে আবেদন করতে হবে। পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে:

ক) এস.এস.সি/সম্মান হতে স্নাতক (সম্মান)/মাস্টার্স পর্যন্ত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীধারীদের **মাইগ্রেশন সনদের মূল কপি**;

গ) বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে সমতা নিরূপনের সনদপত্র;

ঘ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;

ঙ) পুলিশ প্রার্থীদের পদমর্যাদার প্রমাণপত্র (আইডি কার্ড এর ফটোকপি);

চ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি;

বিঃ দ্রঃ প্রয়োজনীয় কাগজপত্র অসম্পূর্ণ থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তির সময় অবশ্যই কলেজ কর্তৃপক্ষের নিকট মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। কলেজ কর্তৃপক্ষ সনদ ও নম্বরপত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে বিশ্ববিদ্যালয়ে কাগজপত্র দাখিল করবেন।

৩। ফিসের বিবরণ:

আবেদন ফরম জমাদানের সময় আবেদন ফি বাবদ ২০০০/- প্রদান করতে হবে।

৪। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ:

(ক) ভর্তির ফরম www.psc.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

(খ) ভর্তি ফরম জমাদানের শেষ সময় ১০ জুন ২০২৬ (বিকাল ৪টা পর্যন্ত)

বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পর ব্যাংক ড্রাফট, ভর্তি বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় গ্রহণ করা হবে না। বিলম্বে ভর্তির কোন প্রকার আবেদন জাতীয় বিশ্ববিদ্যালয়ে গৃহীত হবে না।

৫। পুলিশ কর্মকর্তাদের জন্য করণীয়:

এএসপি ও তদুর্ধ্ব কর্মকর্তাগণ পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ নির্ধারিত আবেদনপত্রের সাথে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদনের ছক পূরণ করে স্ব স্ব ইউনিটের মাধ্যমে পুলিশ হেডকোয়ার্টার্স-এর এআইজি এডুকেশন, স্পোর্টস এন্ড কালচার শাখায় প্রেরণ করবেন। মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের জন্য পুলিশ হেডকোয়ার্টার্স প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ক. পুলিশ পরিদর্শকদের আবেদনপত্র স্ব স্ব ইউনিটের মাধ্যমে পুলিশ হেডকোয়ার্টার্স-এর এআইজি এডুকেশন, স্পোর্টস এন্ড কালচার শাখায় প্রেরণ করতে হবে।


খ. সকল ক্ষেত্রে অগ্রগামী কপি পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ-এ অবশ্যই জমা দিতে হবে।

কোর্সটির সময়কাল: ১২ মাস	আবেদনের সময়কাল: ১০ এপ্রিল হতে ১০ জুন ২০২৬খ্রি.
সেমিস্টার সংখ্যা: ০২	আবেদনপত্র যাচাই: ১১-১২ জুন ২০২৬খ্রি.
সর্বমোট ক্রেডিট: ৪০	ভর্তি পরীক্ষা- ১৩ জুন ২০২৬ খ্রি. ফলাফল প্রকাশ ১৫ জুন ২০২৬ খ্রি. (এসএমএস এর মাধ্যমে জানানো হবে)।
ক্রাসের সময়: শুক্রবার ও শনিবার	ভর্তির কার্যক্রম শুরু: ২০ জুন ২০২৬ খ্রি.
ক্রাস শুরুর তারিখ: জুলাই ২০২৬ খ্রি.	

৬। যোগাযোগ:

যে কোন তথ্যের জন্য একাডেমিক সেকশন, কক্ষ নং-৪০৮, পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, মিরপুর-১৪, ঢাকা-১২০৬। ফোন নম্বর- ০১৩২০২১৬৩১৬

ই-মেইল- macpm.psc@gmail.com


পরিচালক (একাডেমিক)
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ